নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ The Daily Janakantha

১৫ অক্টোবর ২০১৯

# ২য় মেধাতালিকায় ভর্তিকৃতদের বিষয় পরিবর্তন কাল

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ২য় মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধাতালিকা আগামীকাল বৃহস্পতিবার প্রকাশ করা হবে। উক্ত ফল বিকেল ৪টায় থেকে মোবাইল মেসেজ অপশনে গিয়ে (nuathnroll no. লিখে ১৬২২২ নম্বরে ঝবহফ করে এবং রাত ৯টা থেকে ওয়েবসাইট ww(w.admissions.nu.edu.bd) অথবা (nu.edu.bd/admissions) ফল পাওয়া যাবে। কোটার মেধাতালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৮-১৯ শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ২২ অক্টোবর তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলন করতে হবে।

হত্যার দায়ে পুত্রের যাবজ্জীবন পিতার ৭ বছর জেল

স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম ॥ চাঞ্চল্যকর শাহ আলম হত্যা মামলায় পুত্রের যাবজ্জীবন ও পিতার ৭ বছরের কারাদ- প্রদান করেছে জেলা জজ আদালত। মঙ্গলবার বিকেল ৪টায় এ রায় ঘোষণা করা হয়। জানা যায়, রাজারহাট উপজেলার নাজিমখান ইউনিয়নের মনারকুটি গ্রামের আব্দুল হাই সরকারের পুত্র শাহআলম-স্বপন ২০০০ সালের ৪ এপ্রিল উত্তর দলদলিয়া গ্রামের পেয়ারুল্ল ইসলামের পুত্র নুরনবী পান ক্রয় করাকে কেন্দ্র করে পানের দোকানে বাক-বিত-ায় জড়িয়ে পড়েন। শাহআলমের (স্বপন) ওপর চড়াও হয়ে মারপিটসহ ছুরিকাঘাত করে। হাসপাতালে তার মৃত্যু ঘটে।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

The Remote Desktop Tool

The only tool you need to keep all your computers, servers, and devices at your fingertips

TeamViewer OPEN

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
**ই-মেইল:** janakanthanews@gmail.com

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

**ই-জনকন্ঠ:** www.edailyjanakantha.com

Copyright ® All rights reserved by dailyjanakantha.com